

# পূর্ব বর্ধমান জিলা পরিষদ

কারিগরি বিভাগ

কোর্ট কমপাউন্ড, বর্ধমান

জেলা- পূর্ব বর্ধমান- ৭১৩১০১

## ফেরী ইজারার জন্য দরপত্র আহ্বান (সিল মোহর করা খামে) (দ্বিতীয় দফা)

স্মারক সংখ্যাঃ- ২৪২ /ডি. ই. / ফেরী/ কালীনগর

তারিখঃ- ৩/৩/১২

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে বর্ধমান জিলা পরিষদের অধীন কালনা-১ নং পঞ্চায়েত সমিতি ও কালনা মহকুমার অধীনে পেয়ারীনগর হতে কালীনগর ফেরীঘাটটির জন্য সিল মোহর করা খামে এক বছরের জন্য দরপত্র আহ্বান করা হইতেছে। সমস্ত দরপত্র নিম্নলিখিত তারিখ, সময় সূচী অনুযায়ী জিলা বাস্তুকার, বর্ধমান জিলা পরিষদ এর অফিসে নির্দিষ্ট ব্যালেন্স জমা দিতে হইবে। দরপত্র নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে অফিস চলাকালিন যে কোন দিনই জমা দেওয়া যেতে পারে।

ইচ্ছুক ব্যক্তিগনকে দরপত্র জমা দিবার পূর্বে ঘাটের অবস্থান, নদীর প্রকৃতি, উভয় দিকের রাস্তা ইত্যাদির বিষয়ে সম্যক বিবেচনা করিয়া দরপত্র জমা দিতে হইবে। পরে এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রাহ্য হইবে না। ফেরী ঘাটটির জন্য দরপত্র সাদা কাগজে দর উল্লেখ করে নিম্নলিখিত তথ্য সহ জমা দিতে হইবে।

১। ভোট দেবার পরিচয় পত্রের নকল।

২। নির্দিষ্ট জামিন জমার অর্থ, ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে জিলা বাস্তুকার, বর্ধমান জিলা পরিষদ এর অনুকূলে, বর্ধমান শহরের কোন সিডিউল ব্যালেন্স এর উপর প্রদেয় হইতে হইবে। (Earnest Money through Bank Draft/Pay Order will be in favour of District Engineer, Purba Bardhaman Zilla Parishad, payable at Bardhaman).

সর্বোচ্চ সফল ডাক দাতাকে বাকি অর্থ দরপত্র খোলার পরের দিন ব্যালেন্স ড্রাফট এর মাধ্যমে জিলা পরিষদের নামে জমা দিতে হইবে এবং জিলা পরিষদ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সাত দিনের মধ্যে ফেরী মাসুলের হারের তালিকা সহ কুবলিয়ত পত্র জিলা পরিষদের নির্দেশমত ২ জন বিশিষ্ট জামিনদাতার নাম, ঠিকানা ও সহি সহ লেখা পড়া করিয়া রেজিস্ট্রি করিয়া দিতে হইবে, অন্যথায় বন্দোবস্ত বাতিল বলিয়া গন্য হইবে।

অসফলকারী ডাকদাতাগনের জামিন জমার টাকা জিলা বাস্তুকারের বিবেচনা মত ডাক শেষ হইবার পর ফিরত দেওয়া যাইতে পারে। যে সমস্ত ব্যক্তি/সংস্থা পূর্বে জিলা পরিষদের দেওয়া টাকা পরিষোধ করেন নাই বা জিলা পরিষদের শর্তানুযায়ী ঘাট ঠিকঠাক মত চালাইতে পারেন নাই তাহাদের দরপত্র গ্রহন হইবে না। ফেরী মাসুলের হারের তালিকা ও চুক্তিপত্রে বর্ণিত শর্তাবলী সমূহ ডাকে অংশগ্রহন করিবার পূর্বেই জিলা পরিষদের নোটিশ বোর্ডে/অফিসে দেখিবার জন্য অনুরোধ করা যাইতেছে। প্রকাশ থাকে যে জিলা পরিষদ কর্তৃপক্ষ সর্বোচ্চ প্রাপ্ত ডাক গ্রহন করিতে বাধ্য নহেন। এই বিজ্ঞপ্তির প্রচারিত হইবার পরও অনিবার্য কারণে জিলা পরিষদ কর্তৃপক্ষ কোন কারন না দর্শাইয়া প্রকাশিত ফেরী ঘাটটির দরপত্র বাতিল করিবার/অনুমোদন করিবার অধিকার ও সংরক্ষিত রাখিতেছেন।

| ক্রমিক সংখ্যা | ফেরী ঘাটের নাম | মহকুমার নাম | দরপত্র জমা দিবার স্থান                   | সিল মোহর করা খামে সমস্ত তথ্য সহ দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময় | জামিন জমার পরিমাণ (টাকা) | ডাকের সর্বনিম্ন পরিমাণ (টাকা) | দরপত্র খোলার তারিখ ও সময়                   |
|---------------|----------------|-------------|--|---|--------------------------|-------------------------------|---|
| ১             | কালীনগর        | কালনা       | জেলা বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ | ১৪/০৩/২০১৯ (বৃহস্পতিবার) বৈকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত                   | ৩০,০০০/-                 | ১,৫০,০০০/-                    | ১৪/০৩/২০১৯ (বৃহস্পতিবার) বৈকাল ৩:৩০ ঘটিকায় |

ড. স্বয়ং  
জেলা বাস্তুকার  
পূর্ব বর্ধমান জিলা পরিষদ  
তারিখ:- ৩/৩/১৯

স্মারক সংখ্যা:- ২৪২/২/ডি. ই. / ফেরী/ কালীনগর

উপ সচিব/ডি.আই.এ., পূর্ব বর্ধমান জিলা পরিষদ মহাশয়কে ওয়েব সাইট <http://www.burdwanzp.org> তে সম্প্রচারের জন্য প্রেরিত হল।

ড. স্বয়ং  
জেলা বাস্তুকার  
পূর্ব বর্ধমান জিলা পরিষদ  
তারিখ:- ৩/৩/১৯

স্মারক সংখ্যা:- ২৪২/২/৭০ /ডি. ই. / ফেরী/ কালীনগর

প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল।

জেলা সমাহর্তা, পূর্ব বর্ধমান ও নির্বাহী আধিকারিক/অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/অতিরিক্ত জেলা শাসক ও জেলা ভূমি ও ভূমি অধিগ্রহণ আধিকারিক, পূর্ব বর্ধমান/আর্থিক নিয়ামক ও মুখ্য হিসাব আধিকারিক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/সচিব, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/পৌরপতি, কালনা পৌরসভা/মহকুমা শাসক, কালনা ও কাটোয়া/সভাপতি, পঞ্চায়েত সমিতি (সকল)/নির্বাহী আধিকারিক, পঞ্চায়েত সমিতি (সকল)/সহকারী বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ (সকল)/অবর-সহকারী বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ (সকল)/অবর-সহকারী বাস্তুকার, এস্টিমেট শাখা/গাণনিক শাখা, জেলা বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ।

ড. স্বয়ং  
জেলা বাস্তুকার  
পূর্ব বর্ধমান জিলা পরিষদ  
তারিখ:- ৩/৩/১৯

স্মারক সংখ্যা:- ২৪২/২/৭০/২ /ডি. ই. / ফেরী/ কালীনগর

প্রতিলিপি- সভাধিপতি/সহকারী-সভাধিপতি/অধ্যক্ষ/কর্মাধ্যক্ষ, জিলা পরিষদ (সকল) পূর্ব বর্ধমান জিলা পরিষদ-এর অবগতির জন্য পাঠানো হল।

ড. স্বয়ং  
জেলা বাস্তুকার  
পূর্ব বর্ধমান জিলা পরিষদ  
তারিখ:- ০৩/০৩/২০১৯